# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 25-03-2026** **Time: 7.35 AM**

---

বিশেষ বিশেষ খবর –

১) সুপ্রিম কোর্ট, এরাজ্যে SIR প্রক্রিয়ায় যেখানে আগে ভোট, সেখানে আগে অ্যাডজুডিকেশন–এর কাজ সম্পন্ন করার কথা বলেছে।

২) প্রতিদিন যত বিবেচনাধীন ভোটারের নাম নিষ্পত্তি হবে, দৈনিক তার তালিকা প্রকাশের চেষ্টার কথা, নির্বাচন কমিশন, সর্বোচ্চ আদালতকে জানিয়েছে।

৩) রাজ্য সফরের দ্বিতীয় দিনে বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন আজ একাধিক সাংগঠনিক বৈঠকে উপস্থিত থাকবেন।

৪) দেড় বছরেরও বেশি সময় পরিতক্ত থাকার পর আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগের সংস্কারের কাজ শুরু হতে চলেছে।

৫) রাজ্যে এপর্যন্ত ৩'লক্ষ ৫৮ হাজারের'ও বেশী ভুয়ো রেশন কার্ড বাতিল করা হয়েছে।

---

সর্বোচ্চ আদালত এরাজ্যের SIR প্রক্রিয়ায় বিবেচনাধীন ভোটারদের বিষয়টি ৬-ই এপ্রিলের আগে নিষ্পত্তির চেষ্টা করতে মৌখিকভাবে নির্দেশ দিয়েছে। প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচির বেঞ্চ বলেছে, যেসব কেন্দ্রে আগে ভোট, সেখানে যাতে আগে অ্যাডজুডিকেশনের কাজ সম্পন্ন করা হয়, তার চেষ্টা করতে হবে।

নির্বাচন কমিশন, গতকাল সর্বোচ্চ আদালতে জানায়, এখন থেকে প্রতিদিন যেসব অ্যাডজুডিকেশনের কাজ শেষ হবে, দৈনিক ভিত্তিতে তার তালিকা প্রকাশের চেষ্টা করা হবে। সেজন্য কমিশন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতিকে অনুরোধ করবে। বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীদের নামের নিষ্পত্তি আগে করার জন্যও শীর্ষ আদালত বলেছে। রাজ্যের পক্ষে আইনজীবী শ্যাম দেওয়ান আদালতে জানায়, সোমবার প্রকাশিত তালিকায় কতজনের নাম বাদ পড়েছে তা এখনও স্পষ্ট নয়। ১৬-ই এপ্রিলের মধ্যে কাজ সম্পন্ন করতে অ্যাপিলেট ট্রাইব্যুনালকে দ্রুত কার্যকর করার ওপর তিনি জোর দেন।

বিচারপতি জয়মাল্য বাগচি বলেছেন, স্বীকৃত রাজনৈতিক দলের প্রার্থীদের নামের নিষ্পত্তি আগে করতে হবে। আগামী পয়লা এপ্রিল মামলার পরবর্তী শুনানি।

------------------

আসন্ন বিধানসভা নির্বাচনের প্রেক্ষিতে সীমান্তবর্তী জেলাগুলিতে নজরদারি আরও জোরদার করার নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। নির্বাচনকে হিংসামুক্ত, প্রভাবমুক্ত ও প্রলোভনমুক্ত করতে আন্তঃরাজ্য সমন্বয় বাড়ানোর জন্য গতকাল বিশেষ বৈঠক হয়।

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এবং দুই নির্বাচন কমিশনার এস এস সান্ধু ও বিবেক জোশী বৈঠকে উপস্থিত ছিলেন। ভোটমুখী রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির মুখ্যসচিব, মুখ্য নির্বাচনী আধিকারিক, পুলিশের মহানির্দেশক এবং সংশ্লিষ্ট আধিকারিকরা এতে অংশ নেন। পাশাপাশি যোগ দিয়েছিলেন প্রতিবেশী ১২টি রাজ্যের প্রতিনিধিরাও।

এপর্যন্ত যত পরিমাণ বেআইনি নগদ, মাদক দ্রব্য ও হাতিয়ার উদ্ধার হয়েছে, তা' কমিশন খতিয়ে দেখে। আন্তঃরাজ্য সীমান্ত চৌকি এবং যেসব আসনে

খরচের পরিমাণ নিয়ে সমস্যা আছে, সেগুলিও খতিয়ে দেখা হয়। পাঁচ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকরা তাঁদের সামগ্রিক প্রস্তুতি নিয়ে কমিশনকে অবহিত করেন।

প্রতিবেশী রাজ্যগুলিকেও নির্দেশ দেওয়া হয়েছে, যাতে তারা ভোটমুখী রাজ্যগুলিকে সবরকম সহযোগিতা করে এবং শান্তিপূর্ণ ভোটপর্ব নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়। কেন্দ্রীয় সংস্থাগুলিকেও সতর্ক থাকতে বলা হয়েছে, যাতে নির্বাচন ঘিরে অবৈধ লেনদেন বা প্রভাব খাটানোর চেষ্টা রুখে দেওয়া যায়।

------------------

বিধানসভা ভোটের আগে নির্বাচন কমিশন রাজ্যের ৭৩ জন রিটার্নিং অফিসারকে সরিয়ে দিয়েছে।

কলকাতার ভবানীপুর সহ একাধিক বিধানসভা কেন্দ্রের দায়িত্বে থাকা এই আধিকারিকদের সরিয়ে তাদের জায়গায় নতুন আধিকারিকদের নিয়োগ করা হয়েছে বলে কমিশন সূত্রে খবর। আজ তাদের জন্য প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়েছে।
উল্লেখ্য, রাজ্যে মোট ২৯৪টি বিধানসভা কেন্দ্রের প্রত্যেকটিতেই একজন করে রিটার্নিং অফিসার থাকেন। তাঁদের মধ্যে ৭৩ জনকে সরানো হল।এঁদের অধিকাংশই মহকুমাশাসক স্তরের আধিকারিক বলে জানা গিয়েছে।

------------------

বিধানসভা ভোটে ব্যবহারের জন্য নেওয়া বাস, মিনিবাস ও ছোট গাড়ির ভাড়া বাড়ছে। পরিবহণ সচিব সৌমিত্র মোহন মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়ে জানিয়েছেন, নতুন বাস ভাড়া দৈনিক ২ হাজার ৭৮০ টাকা এবং মিনিবাস ভাড়া হবে ২ হাজার ৩০০ টাকা।

ছোট যাত্রীবাহী গাড়ির ক্ষেত্রে ৮৯০ থেকে বাড়িয়ে ভাড়া করা হয়েছে ৯৮০ টাকা। সাত আসনের ম্যাক্সি ক্যাবের ভাড়া ১ হাজার ৪৪০ টাকা এবং ১৪ থেকে ২২ আসনের গাড়ির ক্ষেত্রে তা ১ হাজার ৭২০ টাকা ধার্য হয়েছে। পরিবহন কর্মীদের খোরাকি ভাতা ২৫০ টাকা থেকে বাড়িয়ে করা হয়েছে ২৮০ টাকা।

সিটি সাবারবান বাস সার্ভিসের সাধারণ সম্পাদক টিটু সাহা ভাড়া বৃদ্ধিকে স্বাগত জানালেও Joint Council of Bus Syndicates-এর সাধারণ সম্পাদক তপন বন্দ্যোপাধ্যায় বলেছেন, তাঁদের কোনও দাবিই মানা হয়নি।

All Bengal Bus Minibus সমন্বয় সমিতির সাধারণ সম্পাদক রাহুল চট্টোপাধ্যায় এই ভাড়া বৃদ্ধিকে মন্দের ভালো বলে উল্লেখ করেছেন।

-----------------

রাজ্য সফরের দ্বিতীয় দিনে বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন আজ সকালে দক্ষিণেশ্বর কালী মন্দিরে পুজো দিতে যাবেন। এরপর বিজেপির সল্টলেক কার্যালয়ে সাংগঠনিক বৈঠকে উপস্থিত থাকবেন। বৈঠক সেরে কলকাতায় বিমানবন্দরের উদ্দেশ্যে রওনা হবেন।

শ্রী নবীন গতকাল বিভিন্ন স্তরের দলীয় নেতৃত্ব ও কর্মকর্তাদের সঙ্গে নির্বাচনী কৌশল নিয়ে বিস্তারিত আলোচনা করেন। বিজেপি এবার রাজ্যে জয়ের জন্য কোনরকম খামতি রাখবে না বলে রাজ্যের শীর্ষ নেতৃত্ব এবং সংগঠনের বরিষ্ঠ নেতাদের সঙ্গে বৈঠকে সর্বভারতীয় সভাপতি স্পষ্ট বার্তা দিয়েছেন।

-----------------

মিমের প্রেসিডেন্ট আসাউদ্দিন ওয়াইসি এবং গতরাতে নতুন দিল্লি থেকে কোলকাতায় এসেছেন। তাঁর সঙ্গে ছিলেন আম জনতা উন্নয়ন পার্টির প্রতিষ্ঠাতা হুমায়ুন কবীর। কলকাতা বিমানবন্দরে আসাউদ্দিন ওয়াইসি জানান, হুমায়ুন কবিরের নেতৃত্বাধীন আম জনতা উন্নয়ন পার্টির সঙ্গে জোট বেঁধে পশ্চিমবঙ্গের আসন্ন বিধানসভা নির্বাচনে মিম, প্রতিদ্বন্দ্বিতা করবে। আজ সাংবাদিক বৈঠকে এ বিষয়ে বিস্তারিত জানাবেন বলে তিনি মন্তব্য করেন।

-------------------

ভারতের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে পশ্চিম মেদিনীপুর জেলা এক গৌরবোজ্জ্বল ভূমিকা পালনের নজির রেখেছে। রাজ্যে অষ্টাদশ বিধানসভা নির্বাচনের প্রথম দফায় পশ্চিম মেদিনীপুর জেলায় ভোট হবে আগামী ২৩শে  এপ্রিল|

এক নজরে দেখে  নেওয়া যাক পশ্চিম মেদিনীপুর জেলার  ভোট চিত্র-

ভয়েসকাস্ট সব্যসাচী লাহা

-------------------

দেড় বছরেরও বেশি সময় পরিতক্ত থাকার পর আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালের জরুরি বিভাগের সংস্কারের কাজ শুরু হতে চলেছে। তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনার প্রেক্ষিতে ২০২৪ সালের ১৪ই আগস্ট ভাঙচুরের পর থেকেই বন্ধ ছিল জরুরি বিভাগ। হাসপাতাল কর্তৃপক্ষের বক্তব্য, সিবিআইয়ের ছাড়পত্র না মেলায় জেনারেল এমার্জেন্সি ভবনের সংস্কার করা যাচ্ছে না। তবে গত সোমবার ট্রমা কেয়ার এমারজেন্সিতে চিকিৎসা করাতে আসা এক ব্যক্তির মৃত্যুর পর নড়ে চড়ে বসে হাসপাতাল কর্তৃপক্ষ। হাসপাতালের রোগী কল্যাণ সমিতির সদস্য ও বিধায়ক অতীন ঘোষ জানান, জরুরি বিভাগের সংস্কারের জন্য স্বাস্থ্য ভবনের কাছে প্রস্তাব পাঠানো হয়।

তবে কিছু জটিলতার কারণে সেটি আটকে ছিল। তবে মুখ্যমন্ত্রীর দপ্তরের সবুজ সংকেত মেলায়  সংস্কারের কাজ দ্রুত শুরু হবে।

------------------

দেশজুড়ে ভুয়ো রেশন কার্ড বাতিল অভিযানে এরাজ্যে এপর্যন্ত তিন লক্ষ ৫৮ হাজারেরও বেশি কার্ড বাদ পড়েছে। জাতীয় খাদ্য সুরক্ষা আইনের আওতায় বর্তমানে দেশে প্রায় ৮০ কোটি মানুষ রেশনের সুবিধা পান। তা থেকে অযোগ্য গ্রাহকদের বাদ দেওয়াই এই অভিযানের মূল লক্ষ্য।

রাজ্যের খাদ্য দপ্তর সূত্রে জানা গিয়েছে, কেন্দ্র ১৭ লক্ষ ২৯ হাজারেরও বেশি রেশন গ্রাহকের তথ্য যাচাইয়ের কথা বলেছিল। তার মধ্যে ৩ লক্ষ ৫৮ হাজার ৫৬২টি রেশন কার্ড বাতিলের পাশাপাশি ১ লক্ষ ৮৬ হাজার ৬১২ জন গ্রাহককে বৈধ বলে ঘোষণা করা হয়েছে।

------------------

রাজ্য সরকারি কর্মী ও আধিকারিকদের অবসরকালীন পেনশন প্রক্রিয়া দ্রুত ও নির্ভুল করতে অর্থ দপ্তর জিআইএসএস সংক্রান্ত তথ্য বাধ্যতামূলকভাবে সার্ভিস বুকে অন্তর্ভুক্ত করার নির্দেশ দিয়েছে।

জিআইএসএস প্রকল্পের আওতায় সরকারি কর্মীদের বেতন থেকে নির্দিষ্ট অঙ্কের টাকা কাটা হলেও বহু দপ্তরে এ সংক্রান্ত তথ্য নিয়মিতভাবে আপডেট করা হয় না বলে অভিযোগ। ফলে পেনশন প্রক্রিয়ায় জটিলতা তৈরি হচ্ছে এবং অবসরের পর বহু কর্মী সমস্যায় পড়ছেন। এই পরিস্থিতি এড়াতে সমস্ত দপ্তরকে জিআইএসএস সংক্রান্ত সর্বশেষ তথ্য সংশ্লিষ্ট কর্মী ও আধিকারিকদের সার্ভিস বুকে সঠিকভাবে অন্তর্ভুক্ত করার নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, রাজ্য সরকারি কর্মীরা অবসর গ্রহণ করলে বা কর্মরত অবস্থায় মৃত্যু হলে এই অর্থ সুদ-সহ ফেরত দেওয়া হয়।

-----------------

দক্ষিণ কলকাতার গড়িয়ার তেঁতুলতলা এলাকায় বিউটি পার্লারের ভেতরে ঢুকে এক মহিলাকে কুপিয়ে খুন করে এক যুবকের আত্মঘাতী হওয়ার অভিযোগকে কেন্দ্র করে শোরগোল পড়েছে। বছর ৪৭-এর রূপবানী দাস গতকাল পার্লারে পৌঁছনোর কিছুক্ষণ বাদেই ওই যুবক সেখানে ঢুকে ধারালো অস্ত্র দিয়ে তাঁকে কোপাতে শুরু করে। প্রত্যক্ষদর্শীদের দাবী, পরে ওই যুবক নিজেও গলায় ধারালো অস্ত্র চালিয়ে আত্মঘাতী হয়।

পঙ্কজ নাথ নামে ওই যুবককে, হরিয়ানার বাসিন্দা বলে জানা গেছে। সম্পর্কের টানাপোড়েনের জেরেই এই ঘটনা বলে প্রাথমিক অনুমান।

-----------------

উত্তরবঙ্গের উত্তরের জেলাগুলিতে আজও  বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আজ ও আগামীকাল বৃষ্টির পরিমাণ কিছুটা কম থাকলেও শুক্রবার থেকে বৃষ্টির পরিমাণ আবার বাড়বে।

অন্যদিকে দক্ষিণবঙ্গের পশ্চিমের জেলাগুলিতে দু এক জায়গায় হালকা বৃষ্টি হলেও বাকি জেলাগুলিতে আজ শুষ্ক আবহাওয়া থাকার সম্ভাবনা।

এদিকে, আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৪ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা সামান্য বেশি।

----------------- -----------------